CS (MAIN) EXAM, 2010

Sl. No. 26 D–DTN–K–CFA

BENGALI

Paper–I

(Literature)

Time Allowed : Three Hours	Maximum Marks : 300

INSTRUCTIONS

Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any THREE of the remaining questions, selecting at least ONE question from each Section.

The number of marks carried by each question is indicated at the end of the question.

Answers must be written in Bengali.

Section—A

1. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো **তিনটির** উত্তর দিন (প্রত্যেকটির প্রত্যাশিত শব্দসংখ্যা *200*) : 20×3=60

(a) প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিখুন।

(b) বাংলা ভাষার স্তরবিভাগ করে মধ্যযুগের বাংলার ভাষা-বৈশিষ্ট্যের পরিচয় দিন।

(c) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উল্লেখ করে ধ্বনির আগম ও সাদৃশ্যের বিশদ বর্ণনা দিন।

(d) আধুনিক বাংলায় বাক্যগঠনবিধি বা অন্বয় বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লিখুন।

Optional Province · optionalprovince.com

2. বাংলা ভাষায় ব্যবহৃত সাধু ও চলিত রীতির বৈশিষ্ট্যের পরিচয় দিয়ে তাদের পার্থক্য উদাহরণসহ নির্দেশ করুন। 60

3. বাংলা উপভাষার শ্রেণিবিভাগ করে রাঢ়ী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিখুন। 60

4. যে কোনো **পাঁচটির** টীকা লিখুন : 12×5=60

অপিনিহিতি ; সমীভবন ; নাসিক্যীভবন ; স্বরসংগতি ; য়-শ্রুতি ; তদ্ভব শব্দ ; জোড়কলম শব্দ ; লোকনিরুক্তি ; বিপ্রকর্ষ।

Section—B

5. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো **তিনটির** উত্তর দিন : 20×3=60

(a) আদিযুগের প্রধান সাহিত্যকৃতি 'চর্যাগীতিকা'-র গুরুত্ব বিচার করুন।

(b) চৈতন্যজীবনী কাব্যের শ্রেষ্ঠ কবি কে? এই কবির জীবন ও রচনাবৈশিষ্ট্যের সংক্ষিপ্ত পরিচয় দিন।

(c) ঊনিশ শতকের বাংলা গীতিকবিতার বৈশিষ্ট্য আলোচনা করুন।

(d) বাংলা আধুনিক কবিতার লক্ষণগুলি চিহ্নিত করে তাদের সংক্ষিপ্ত পরিচয় লিখুন।

Optional Province · optionalprovince.com

6. বাংলা গদ্যের উদ্ভব ও বিকাশে শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়ম কলেজের ভূমিকা সম্পর্কে আলোচনা করুন। 60

7. ''বাংলা উপন্যাসের সূচনা বঙ্কিমচন্দ্রে।'' মন্তব্যটি উদাহরণসহ বিশদ করুন। 60

8. ''বাংলা উপন্যাস ও ছোটগল্পে রবীন্দ্রনাথ একজন ব্যতিক্রমী লেখক।'' মন্তব্যটি রবীন্দ্রনাথের কথাসাহিত্য অবলম্বনে বিচার করুন। 60

★ ★ ★

Optional Province · optionalprovince.com